

১০ম নির্বাচন বিজ্ঞপ্তি ও তালিকা

বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারীজ, ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ এর ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এসসি.(সম্মান)/বি.ফার্ম.(সম্মান)/বি.এসসি.এজি./ডি.ভি.এম./বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমাদানকারী প্রার্থীদের মধ্য থেকে শূন্য আসনের ভিত্তিতে ১০ম নির্বাচন তালিকা নিম্নে প্রকাশ করা হলো। ট্রান্সফারসহ পূর্ণাঙ্গ তালিকা ২০-৯-২৪ অপরাহ্নে প্রকাশ করা হবে।

নির্বাচিত ভর্তিচ্ছুদের আজ ১৯-০৯-২০২৪ সন্ধ্যা ৭টা থেকে রাত ১১:৩০ এর মধ্যে নিচে বর্ণিত পদ্ধতিতে পেমেন্টসহ ভর্তি প্রক্রিয়ার অনলাইন কাজ সম্পন্ন করে আগামী রবিবার ২২-০৯-২০২৪ সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত কাগজপত্র যাচাইয়ের জন্য কনফারেন্স রুম, বিজ্ঞান অনুষদ, কক্ষ নং ৪০১, কুদরাত-এ-খুদা একাডেমিক ভবনে উপস্থিত হতে হবে।

নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ভর্তি ও পেমেন্ট প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে সি-ইউনিটে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের অন্য কোন বিভাগেও ভর্তির সুযোগ থাকবে না।

ভর্তি সংক্রান্ত কোনো সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা - বিকাল ৪টা) বিজ্ঞান অনুষদে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০২৫৮৮৮৬৪২১৮, ০১৮৪০১২৯২৬৯, ০১৭১৮৫৪০৭৮৪)। অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩।

উল্লেখ্য যে, ২২ সেপ্টেম্বর ২০২৪ প্রথম বর্ষ প্রথম সিমেন্টারের ক্লাস শুরু হবে এবং নতুন সিদ্ধান্ত না হলে আজ ১৯ সেপ্টেম্বর ২০২৪-ই ভর্তি প্রক্রিয়া শেষ হবে।

ভর্তির সংক্ষিপ্ত প্রক্রিয়া নিম্নরূপ:

- ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ৫,৩২৪.০০ টাকা (পাঁচ হাজার তিনশত চব্বিশ টাকা মাত্র) জমা দিতে হবে। [টাকা জমা দেওয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> থেকে জানা যাবে।]
- পরবর্তী পৃষ্ঠায় বর্ণিত পদ্ধতিতে অনুষদ উন্নয়ন ফি ১,০০০.০০ (এক হাজার) টাকা রকেটের মাধ্যমে প্রদান করতে হবে।
- অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে (১৯-০৯-২০২৪ সন্ধ্যা থেকে) ভর্তি ফরম পূরণ করতে হবে। অনলাইনে পূরণকৃত ফরমটি তিন কপি প্রিন্ট নিতে হবে।
- ২২-০৯-২০২৪ সকাল ১০টা থেকে দুপুর ১টার মধ্যে নিম্নের কাগজপত্রগুলি নিয়ে উপরের তালিকা অনুযায়ী নির্দিষ্ট দপ্তরে উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
 - পূরণকৃত ভর্তি ফরমের তিন কপি প্রিন্ট - স্বাক্ষরিত [দুই কপি জমা দিতে হবে]
 - এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান এর মূল মার্কস সার্টিফিকেট [জমা দিতে হবে]
 - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র [জমা দিতে হবে]
 - এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড [দেখাতে হবে]
 - অনুষদ ফি প্রদানের প্রমাণ হিসেবে প্রিন্টআউট একটি কপি [জমা দিতে হবে]
- কাগজপত্র সন্তোষজনক হলে উপরের তালিকা অনুযায়ী কাগজপত্র জমা দিলে ভর্তি প্রক্রিয়া শেষ হবে।

প্রকাশিত ফলাফলে কোনো ভুলত্রুটি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় / সি ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৯ সেপ্টেম্বর ২০২৪

(প্রফেসর ড. নাসিমা আখতার)

চীফ কো-অর্ডিনেটর

১ম বর্ষ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি

ও ডীন, বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট হতে রাজশাহী বিশ্ববিদ্যালয়
সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের পদ্ধতি

Rocket App-এর মাধ্যমে

১. রকেট App-এ Login করুন।
২. Bill Pay অপশনে প্রবেশ করুন।
৩. সার্চ অপশনে বিলার আইডি 4388 বা Dean, Faculty of Science (RU) টাইপ করুন।
৪. বিল নম্বরের স্থলে অবশ্যই ভর্তিচ্যুর ভর্তি পরীক্ষার রোল নম্বর বসাতে হবে।
৫. টাকার পরিমাণ (1000) টাইপ করে Submit ট্যাপ করুন।
৬. আপনার রকেট নম্বরের গোপন পিন নম্বর টাইপ করুন।

বিশেষ দৃষ্টব্য

- পরিশোধের অংকের ওপর ১% চার্জ প্রযোজ্য হবে।
- রাজশাহী বিশ্ববিদ্যালয় সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের প্রিন্ট কপি অনুষদ অফিসে জমা দিতে হবে।

10th Selection List

Group 1

| Roll no. | Name | Score | Rank | Status |
|----------|-----------------|-------|------|---------------|
| 312055 | MD. RIFAT HOSEN | 71.75 | 610 | Selected: GES |

Group 2

| Roll no. | Name | Score | Rank | Status |
|----------|--------------------|-------|------|---------------|
| 341398 | MD. RASEL SHAIKH | 69.25 | 603 | Selected: GES |
| 348002 | MD. RAFIQUUL ISLAM | 60.50 | 1755 | Selected: POP |

Group 3

| Roll no. | Name | Score | Rank | Status |
|----------|-------------------|-------|------|---------------|
| 352431 | MD. RIDOY HOSSAIN | 68.75 | 1179 | Selected: POP |
| 363118 | NAIMA AKTER MILI | 68.75 | 1182 | Selected: POP |

Group 4

| Roll no. | Name | Score | Rank | Status |
|----------|-----------------|-------|------|---------------|
| 373725 | AFRIN AKTER | 60.25 | 1302 | Selected: POP |
| 386645 | MD. IVAN RAHMAN | 60.25 | 1304 | Selected: POP |

Group 5

| Roll no. | Name | Score | Rank | Status |
|----------|------------|-------|------|---------------|
| 390947 | ARPITA DAS | 69.75 | 144 | Selected: PSY |